কোভিড-১৯ এ এমএফআই

# ব্রাঞ্চ ম্যানেজার ও ফিল্ড অফিসারদের প্রশিক্ষণ নির্দেশিকা




**করোনা ভাইরাস**: একটি ভাইরাস যার কারণে COVID 19 রোগ হয়

MetLife Foundation

MSC MicroSave Consulting


# খন্ড ১ - ব্রাঞ্চ অফিস এবং ফিল্ড পর্যায়ে কর্মীদের স্ব-সুরক্ষা ব্যবস্থা

**সারাংশ -** এই অংশে ব্রাঞ্চ ম্যানেজার ও ক্রেডিট অফিসারের মধ্যে করোনা ভাইরাস নিয়ে একটি আলোচনার বর্ণনা রয়েছে। তারা  COVID মহামারী থেকে রক্ষার জন্য বিভিন্ন স্ব-সুরক্ষা / নিজ সুরক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা করেন, যা ফিল্ড কর্মীদের গ্রহণ করা উচিত।

## অবস্থান -ব্রাঞ্চ অফিস



## চরিত্র -



দীনেশ
ব্রাঞ্চ ম্যানেজার

রমেশ
ফিল্ড অফিসার

ফাতিমা
ফিল্ড অফিসার

লক্ষ্মী
ফিল্ড অফিসার

# কোভিড ১৯ সম্পর্কে সচেতনতা




দ্রষ্টব্য: স্টাফ সদস্যদের অবশ্যই মাস্ক পড়তে হবে এবং পরস্পর থেকে কমপক্ষে ২ মিটার দূরত্ব বজায় রাখতে হবে।

# কোভিড ১৯ সম্পর্কে সচেতনতা



# কোভিড ১৯ সম্পর্কে সচেতনতা




দীনেশ স্যার, কোনও নির্দিষ্ট ওষুধ রয়েছে যার দ্বারা করোনা ভাইরাস এর চিকিৎসা হতে পারে?
ফাতিমা, যদি আমাদের সন্দেহ হয় যে আমাদের সংক্রমণ হয়েছে, আমাদের সেই মুহূর্তেই নিজেকে কোয়ারান্টিন করা উচিত । আমাদের স্ব চিকিৎসা করা উচিত নয়। কোভিড-১৯ এ আক্রান্ত ব্যক্তিদের সঠিক দেখাশোনার প্রয়োজন। গুরুতর অসুস্থ ব্যক্তিদের যথাযথ চিকি ৎসার জন্য চিকিৎসা কেন্দ্রগুলিতে অবিলম্বে যোগযোগ করা করা উচিত ।
এই জন্য আমাদের দ্রুতসময়ের মধ্যে নিকটস্থ সরকারী কোভিড -১৯ ডেডিকেটেড স্বাস্থ্য কেন্দ্র /হাসপাতাল যেতে হবে।

# কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা






# কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা






1. আপনার পরিবারের সদস্যদের সুরক্ষিত রাখতে, দয়া করে কোনও আলাদা ঘরে থাকুন এবং সারাক্ষণ একটি মাস্ক পরে থাকুন

2. অত্যন্ত প্রয়োজন না হলে বাড়ির বাইরে বেরোবেন না

3. সুস্থ ব্যক্তি থেকে ৬ ফুট / ২ মিটার দূরত্ব বজায় রাখুন

4. সাবান পানি দিয়ে ঘনঘন হাত ধুয়ে নিন বা স্যানিটাইজার ব্যবহার করুন

# ব্রাঞ্চে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# ব্রাঞ্চে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা

## ব্রাঞ্চ এবং কর্মীদের প্রস্তুতির জন্য পদক্ষেপ

### আমাদের নিশ্চিত করতে হবে যে স্যানিটাইজার, হ্যান্ড ওয়াশ এবং ফিনাইল পর্যাপ্ত পরিমাণে রয়েছে

i) সমস্ত কর্মী এবং সদস্যদের ব্রাঞ্চ প্রবেশ ও প্রস্থান করার আগে অবশ্যই তাদের হাত ধুতে / স্যানিটাইজ করতে হবে

ii) 2 ঘন্টার ব্যবধানে অফিস অঞ্চলগুলি স্যানিটাইজ করুন বা পরিষ্কার করুন। আপনার ডেস্কটপ/ল্যাপটপ, টেলিফোন, দরজার হাতল, সিঁড়ি এবং খাওয়ার জায়গা পরিষ্কার করুন

iii) মিটিং যে জনবহুল এলাকায় প্রবেশের সময় হাতে স্যানিটাইজার ব্যবহার করুন

### শ্বাস প্রশ্বাসের শিষ্টাচার মেনে চলুন

i) সর্বদা মাস্ক ব্যবহার করুন

ii) কাশি এবং হাঁচির সময় মুখ ঢেকে রাখুন

iii) কাশি বা হাঁচির পরে হাত ধুয়ে নিন বা স্যানিটাইজার ব্যবহার করুন





## ব্রাঞ্চ এবং কর্মীদের প্রস্তুতির জন্যে পদক্ষেপ

### সামাজিক মেলামেশা এড়ানো

i) কোলাকুলি এবং হ্যান্ডশেক এড়িয়ে চলুন

### সুরক্ষিত ক্ষেত্র স্থাপন করুন

i) সমস্ত কর্মী এবং সদস্যদের কাছ থেকে ৬ ফুট / ২ মিটার দূরত্ব বজায় রাখুন

ii) সম্ভব হলে শাখার ক্যাশ কাউন্টার সুবিধা ব্যবহার করে লেনদেন পরিচালনা করুন

iii) ব্রাঞ্চ অফিসে মানুষের ভীড় কমাতে এক সাথে পাঁচজনের বেশি সদস্য ব্রাঞ্চে প্রবেশ করা নিয়ন্ত্রণ করুন

iv) বয়স্ক, গর্ভবতী বা শিশু যাদের আক্রান্ত হবার ঝুঁকি বেশি তাদের আলাদা সময় নির্দিষ্ট করে দিন

v) গ্রাহক এর সুরক্ষা বিধি অনুসরণ নিশ্চিত করার জন্য সাইন বোর্ড লাগান

# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা

সদস্যদের মাঝে কমপক্ষে ৬ ফুট / ২ মিটার এর দূরত্ব বজায় রাখুন। সম্ভব হলে গ্রুপের প্রতিটি সদস্যকে একই সময়ে একসাথে জড়ো হতে বারণ করুন।

এছাড়াও, নিশ্চিত হয়ে নিন যে প্রতিটি সদস্য হাত ধুয়েছেন। আপনি তাদের কেন্দ্র মিটিংয়ের সময় হ্যান্ড স্যানিটাইজার কেনার জন্য বলতে পারেন।

সঞ্চয় ও ঋণের পাশ বই লেখার সময় এবং নগদ টাকা গ্রহণের সময় গ্লাভস ব্যবহার করুন, গ্রাহকদের কিস্তি পরিশোধের জন্যে বিকল্প হিসাবে ডিজিটাল পেমেন্টে উৎসাহিত করুন।

যদি গ্লাভস না থাকে, নগদ টাকা নিয়ে কাজ শেষ হবার সাথে সাথে সাবান পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন বা স্যানিটাইজার ব্যবহার করুন।



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা












# কোভিড -১৯ এর প্রসঙ্গে মাইক্রো ক্রেডিট ফিল্ড অপারেশন সম্পর্কিত MFIN India এর গাইডলাইন, তারিখ: ১৯ এপ্রিল, ২০২০

1. নিশ্চিত করুন যে শাখায় একই সময়ে চারজনের বেশি কর্মচারী যেন উপস্থিত না থাকেন।

2. নিশ্চিত করুন যে একই সময়ে পাঁচজনের বেশি গ্রাহক যেন শাখার মধ্যে উপস্থিত না থাকেন। ক্রেতার সাথে কথাবার্তা, মিটিং, প্রশিক্ষণ, মধ্যাহ্নভোজন ইত্যাদির সময় “সামাজিক দূরত্বের” রীতি যেন কঠোরভাবে পালন করা হয়।

3. কর্মচারীরা যেন সবসময়ে মাস্ক পরে থাকেন এবং “সামাজিক দূরত্ব” আর স্বাস্থ্যবিধি রক্ষণাবেক্ষণের নিয়মগুলি মেনে চলেন, বিশেষ করে নিয়মিত হাত ধোয়া, বিশেষত নগদ অথবা স্টেশনারি পরিচালনার পরে, কিংবা পরস্পরের সঙ্গে কথা বলার সময়ে।

4. শিফট বা দিনের শেষে মাঝে মাঝে যেন শাখা জীবাণুমুক্ত করা হয় । কর্মক্ষেত্র পরিষ্কার পরিছন্ন এবং স্বাস্থ্যকর করার জন্যে ডেস্ক এবং টেবিল এবং ব্যবহারের জিনিসপত্র, যেমন টেলিফোন আর কীবোর্ডগুলি নিয়মিত ভাবে জীবাণুনাশক দিয়ে যেন অবশ্যই মোছা হয় ।

5. সমস্ত কর্মীদের আরোগ্য সেতু অ্যাপ্লিকেশনটি ব্যবহার করতে উৎসাহিত করুন।

6. আপনার কর্মচারীদের গণপরিবহন, অপ্রয়োজনীয় ভ্রমণ, এবং জনাকীর্ণ অঞ্চল (যেমন মার্কেট, সিনেমা, ধর্মীয় স্থান, স্টেশন, বাস-স্ট্যান্ড, বা জনসমাগমস্থল) এড়াতে উৎসাহিত করুন।

7. কর্মচারীরা যেন সবসময়ে কোম্পানির আই ডি কার্ড, সরকারি পরিচয়পত্র (যেমন  আধার কার্ড, প্যান কার্ড, ভোটার আইডি, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি) এবং আরবিআই এর প্রদত্ত কোম্পানির রেজিস্ট্রেশন সার্টিফিকেট বহন করেন।

8. উপরিউক্ত নিয়মগুলির সঠিক পালন এবং পরিচালনার জন্যে এবং জেলা অথবা রাজ্য প্রশাসনের কাছ থেকে নেওয়া যে কোনও দরকারি অনুমতি ইত্যাদির জন্যে  শাখায় একজন কর্মচারীকে নিযুক্ত করুন ।

9. যদি গ্রাহকের মোরাটোরিয়াম এর জন্য অনুরোধ অনুমোদিত হয় তবে তাকে সংশোধিত পরিশোধের সময়সূচি, কিস্তির পরিমাণ, অতিরিক্ত সুদের পরিমাণ ইত্যাদির সম্পর্কে তথ্য জানান। মোরাটোরিয়াম সম্বন্ধে আরো জানতে এই  লিঙ্কটি দেখুন https://mfinindia.org/videos

10. পরিশোধ সংগ্রহ করার জন্যে  ডিজিটাল উপায়ে এবং ব্যাংকিং আউটলেটগুলির ব্যবহার করুন । অথবা গ্রুপের গ্রাহক বা কেন্দ্রের নেতার কাছে অনুরোধ করুন যেন সংগ্রহীত টাকা শাখায় এসে দিয়ে যান ।

# খন্ড ২ - কেন্দ্র মিটিং এর সময় কর্মী ও সদস্য সুরক্ষা

**সারাংশ -** এই বিভাগে একজন ফিল্ড অফিসার এবং সদস্যদের মধ্যে আলোচনার বর্ণনা দেওয়া হয়েছে। তারা করোনা মহামারী সম্পর্কিত স্বাস্থ্য পরামর্শ নিয়ে আলোচনা করেন এবং কেন্দ্রের মিটিংএর আগে, মিটিং চলাকালীন, এবং তার পরের সময়কার গুরুত্বপূর্ণ প্রোটোকলগুলি নিয়ে কথা বলেন।

## স্থান - কেন্দ্র মিটিং



## চরিত্র -



এমএফআই সদস্য

এমএফআই সদস্য

অজয়
ফিল্ড অফিসার


এমএফআই সদস্য

এমএফআই সদস্য

# কেন্দ্র মিটিং পরিচালনা করার আগে





দ্রষ্টব্য: সমস্ত ব্রাঞ্চ কর্মীরা ফিল্ড এ মাস্ক এবং গ্লাভস ব্যবহার করবেন



# কেন্দ্র মিটিং পরিচালনা করার আগে




দ্রষ্টব্য: সমস্ত ব্রাঞ্চ কর্মীরা ফিল্ড এ মাস্ক এবং গ্লাভস ব্যবহার করবেন


কেন্দ্র মিটিং এর সময়
স্যার, আমরা করোনার বিষয়ে অনেক কিছু শুনেছি। আপনি কি দয়া করে এটি সম্পর্কে আরো কিছু জানাতে পারেন?
দিদি, আমি করোনা ভাইরাস সংক্রমণ পদ্ধতি, উপসর্গ, প্রতিরোধ ইত্যাদি সম্পর্কে বিস্তারিত বলব
ঠিক আছে, স্যার!
ফিল্ড অফিসার সদস্যদের "সদস্য সচেতনতা কমিক" এর মাধ্যমে সচেতন করবেন এবং যাদের স্মার্ট ফোন আছে তাদের সাথে কমিক ফাইল টি শেয়ার করবেন।


কেন্দ্র মিটিং এর সময়
আসুন আমরা কালেকশন শুরু করি। (কিছু সদস্য সঞ্চয় ও ঋণের কিস্তির টাকা নিয়ে আসেন নি) দিদি আপনি কেন কিস্তি আনতে পারেন নি?
স্যার, আমাদের আয় রোজগার বন্ধ আছে। আমার স্বামী অনেকদিন কাজে যায়নি
ওহ! অসুবিধা নেই দিদি! আপনার বাড়িতে কোন সমস্যা আছে?
হ্যাঁ স্যার, করোনা ভাইরাস এর এই খারাপ সময়ে আমার পরিবার আর্থিক সমস্যায় আছে। এই কারণে আমার পক্ষে কিস্তি দেয়া খুব কঠিন হয়ে গেছে


কেন্দ্র মিটিং এর সময়
কোন অসুবিধা নেই দিদি। আপনি কখন শোধ করতে পারবেন বলে মনে করেন?
আমি আমার আগামী কিস্তি বারে কিস্তি পরিশোধ করার চেষ্টা করবো
ঠিক আছে দিদি। তবে আগামী সপ্তাহে কিস্তি দিতে ভুলবেন না
কেন্দ্র মিটিং এর পরে
দিদি এই তথ্য সম্বলিত কাগজ গুলো নিন এবং এগুলো এমন জাগায় টাঙাবেন যেখান থেকে এলাকার অন্যান্য লোকেরা এটিকে দেখতে পারে।
অবশ্যই স্যার, আমরা এটি এলাকার বিভিন্ন স্থানে লাগিয়ে দেবো এবং আপনার পরামর্শগুলো আমাদের পরিবার এবং অন্যদের সাথে আলোচনা করবো

# কেন্দ্র মিটিং এর পরে


অবশ্যই স্যার। অনেক ধন্যবাদ। কোরোনার বিরুদ্ধে এই লড়াইয়ে আমরা একসাথে থাকবো।
এটা ভাল হবে।এছাড়াও করোনা ভাইরাস সম্পর্কে সমস্ত সরকারী আদেশ যেন আপনারা মেনে চলবেন।
ঠিক আছে দিদি, পরের কেন্দ্র মিটিং এ আপনাদের সকলের সাথে দেখা হবে। সচেতন হোন, নিরাপদে থাকুন

# খন্ড ৩ - নিরাপদভাবে নগদ অর্থ পরিচালনা অনুশীলন

**সারাংশ -** এই বিভাগে এমএফআই এর ব্রাঞ্চ ম্যানেজার, অ্যাকাউন্টেন্ট এবং ফিল্ড অফিসার এর মধ্যে আলোচনার বর্ণনা দেওয়া হয়েছে। তারা কেন্দ্র মিটিং এবং ব্যাঙ্ক শাখায় নগদ জমাকালীন নিরাপদে নগদ লেনদেনের প্রক্রিয়াগুলি নিয়ে আলোচনা করেন।

**অবস্থান -ব্রাঞ্চ অফিস**



## চরিত্র



রমেশ
ফিল্ড অফিসার

দীনেশ
ব্রাঞ্চ ম্যানেজার

চন্দন
একাউন্টেন্ট

# নিরাপদে নগদ অর্থ লেনদেন



# নিরাপদে নগদ অর্থ লেনদেন



# ব্যাংক এ যাবার আগে সতর্কতা




ব্যাংক এ যাবার আগে সতর্কতা
ভাল ! ব্যাঙ্কে যে কোনো ব্যক্তির থেকে ২ মিটার বা ৬ ফিট দূরত্ব বজায় রাখবেন এবং অবশ্যই মাস্ক পরবেন। প্রয়োজনীয় ফর্মগুলি পূরণ করার সময়ে নিজের কলম ব্যবহার করবেন এবং সেখানে উপস্থিত প্রত্যেকের সাথে শারীরিক স্পর্শ এড়িয়ে চলবেন।
ব্যাংক থেকে বের হয়ে আসার পর নিশ্চিত করুন যে আপনি নিজের হাত স্যানিটাইজ করেছেন।
অবশ্যই স্যার ! এখন আমি ব্যাংকের উদ্দেশ্যে রওনা দিলাম।


# খন্ড ৪ - ব্রাঞ্চে সদস্য সুরক্ষা ব্যবস্থা

**সারাংশ** -এই বিভাগে এমএফআই ব্রাঞ্চ ম্যানেজার এবং সদস্যের মধ্যে আলোচনার বর্ণনা রয়েছে। তারা এমএফআই সদস্যদের সুরক্ষার জন্য গৃহীত বিশেষ সেবা ও সুরক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা করেন।

## অবস্থান -ব্রাঞ্চ অফিস



## চরিত্র




# ব্রাঞ্চে সদস্যদের সুরক্ষা ব্যবস্থা




দ্রষ্টব্য: কর্মীদের অবশ্যই মাস্ক  ব্যবহার করতে হবে

# ব্রাঞ্চে সদস্যদের সুরক্ষা ব্যবস্থা




শাখায় থাকার সময় দয়া করে একে অপর থেকে ৬ ফুট / ২ মিটার  দূরত্ব বজায় রাখুন

দয়া করে হাঁচি কাশির শিষ্টাচার মেনে চলুন।

i) সর্বদা মাস্ক পরুন এবং যেখানে সেখানে কফ, থুতু ফেলবেন না।

ii) কাশি বা হাঁচি এলে সব সময়ে আপনার নাক আর মুখ ঢেকে রাখুন।

iii) হাঁচলে বা কাশলে সাথে সাথে হাত ধুয়ে ফেলুন।


শাখায় থাকা কালীন অবস্থায় যে কোন ধরনের শারীরিক স্পর্শ এড়িয়ে চলুন।

দয়া করে শাখার বাইরে অপেক্ষা করুন। অপেক্ষা করার সময় শাখায় বা বাইরে ভিড় তৈরি করবেন না। পর্যায়ক্রমে এক এক করে সবাইকে ডাকা হবে।



# ব্রাঞ্চে সদস্যদের সুরক্ষা ব্যবস্থা



# সদস্যদের জন্য বিশেষ সেবা






# জরুরি ক্ষেত্রে যোগাযোগ



April 2020



References:
World Health Organization, WHO
Occupational Safety and Health Administration, OSHA
Ministry of Health and Family Welfare, Government of India
MicroFinance Institutions Network, MFIN, India

Disclaimer:
Please visit the Ministry of Health and Family Welfare, Govt. of India at https://www.mohfw.gov.in/ for the latest guidelines on COVID-19.

While we have made every attempt to ensure that the information contained in this Comic has been obtained from reliable sources, MSC and/or its partner(s)/funder(s) are not responsible for any errors or omissions, or for the results obtained from the use of this information. All information in this Comic is provided "as is", with no guarantee of completeness, accuracy, timeliness, or of the results obtained from the use of this information, and without warranty of any kind, express or implied, including, but not limited to warranties of performance, merchantability, and fitness for a particular purpose. The contents of this Comic is intended to convey general information only and not to provide legal advice or opinions and the said Comic should not be construed as, and should not be relied upon for, legal, regulatory, or tax advice in any particular circumstance or situation.

MetLife Foundation

MSC
MicroSave Consulting